গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-১/২০১০/ ৭০৪ তারিখঃ ১৫ মে ২০১৮ খ্রিস্টাব্দ / ০১জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গাইবান্ধা কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশাঃ-২/মেডিঃকঃহাঃ/সিএস-অন্যান্য/ছাড়পত্র-১১/১৮/১৭১১,তারিখঃ ১১/০৪/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণ এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গাইবান্ধা কার্যালয়ে নিম্নোক্ত ০৩টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত পদ
১	২	৩	৪	৫	৬
১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গাইবান্ধা।	১	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০১	০১	------
	২	ডার্ক রুম সহকারী	০১	০১	------
	৩	ওয়ার্ড মাস্টার	০১	০১	------
			মোট-০৩টি	মোট-০৩টি	

শর্তাবলী:

(১) সকল আনুষঙ্গিকতা পালনসহ 'স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
(৩) পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
(৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
(৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
(৬) বর্তমানে ছাড়কৃত ০৩টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না।

(এ. জেড. এম. শরজিল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)

অনুলিপিঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গাইবান্ধা।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। যুগ্ম সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।